

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৬৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - সালাত ও মৃত দাফনের নিষিদ্ধ সময় সূচি

আরবী

وَلَهُ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرِ: ثَلَاثُ سَاعَاتِ كَانَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يَنْهَانَا أَنْ نُصَلِّي فِيهِنَّ, وَأَنْ نَقْبُرَ فِيهِنَّ مَوْتَانَا: حِينَ تَطْلُعُ الشَّمْسُ بَازِغَةً حَتَّى تَرْتَفِعَ, وَحِينَ يَقُومُ قَائِمُ الظَّهِيرَةِ حَتَّى تَزُولَ الشَّمْسُ, وَحِينَ تَتَضَيَّفُ الشَّمْسُ لِلْغُرُوبِ وَحِينَ يَقُومُ الثَّمْسُ لِلْغُرُوبِ وَالْحُكْمُ الثَّانِي عِنْدَ «الشَّافِعِيِّ» مِنْ

صحيح. رواه مسلم (831) و «قائم الظهيرة»: أي قيام الشمس وقت الزوال، وذلك عند بلوغها وسط السماء فإنها عند ذلك يبطئ حركتها

বাংলা

১৬৪। এবং মুসলিমে 'উকবাহ বিন 'আমির (রাঃ) থেকে বর্ণিত। এমন তিনটি সময় রয়েছে যে সময়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করতে, মৃতকে কবর দিতে নিষেধ করেছেনঃ (১) সূর্য উজ্জ্বল হয়ে উঠা হতে কিছুটা উপরে উঠা পর্যন্ত, (২) এবং ঠিক দুপুর হলে যে পর্যন্ত না সূর্য (পশ্চিম আকাশে) ঝুঁকে পড়ে, (৩) আর যখন সূর্য ঝুঁকে পড়ে অস্ত যাবার উপক্রম হয়।[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম ৮৩১. "قائم الظهيرة" দ্বারা উদ্দেশ্য হলো সূর্য ঢলে যাবার পূর্বে স্থির হওয়া। এ সময় ঠিক আকাশের মাঝ বরাবর অবস্থান করে এবং সূর্যের গতি কিছুক্ষণের জন্য স্থির থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন